বাংলা বিভাগ অ্যালামনাই রাজশাহীবিশ্ববিদ্যালয়

১২ ডিসেম্বর ॥ ২০২৫

# কার্যনির্বাহী পঞ্চদশ সভার কার্যবিবরণী ও সিদ্ধান্তসমূহ

সম্মাননীয়

শুভেচ্ছা জানবেন।

বাংলা বিভাগ অ্যালামনাই, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের চতুর্থ কার্যনির্বাহী পরিষদের সভা গত ১১ ডিসেম্বর ২০২৫ শনিবার বিকেল ৪-০০ টায় অন-লাইন (গুগলমিটে) অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন বাংলা বিভাগ অ্যালামনাই, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সভাপতি জামিল রায়হান। সভায় ১৯জন সদস্যের সক্রিয় উপস্থিতিতে আলোচনা হয়। সভার শুরুতেই সাধারণ সম্পাদক আগামী ১৯ ও ২০ ডিসেম্বর তারিখের পঞ্চম সম্মিলন ও সাধারণ সভার বিষয়ে আলোকপাত করেন। এরপর পূর্ববর্তী সভার কার্যবিবরণী নিশ্চিত হলে অন্য আলোচ্যসূচিতে সভাপতির মাধ্যমে আলোচনায় অংশ নেন আপেল আবদুল্লাহ, সাইদ কাজল, তুহিন আব্বাসী, মো. মাহবুব আলম, ব্রাইনির ইসলাম, আব্দুল ওহাব, জ্যোৎস্না লিপি প্রমুখ। এ-সভার সুনির্দিষ্ট সিদ্ধান্তগুলো নিম্নরূপ :

১) পূর্ববর্তী সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়।

২) গত কার্যনির্বাহী কমিটির প্রস্তাব অনুযায়ী তিনটি বিভাগীয় শাখা কমিটি যথাক্রমে রাজশাহী, ঢাকা ও খুলনা কমিটি পুনর্গঠন ও রংপুর বিভাগীয় নতুন শাখা কমিটি গঠন করায় সকলকে ধন্যবাদ ও অভিনন্দন জানানো হয়। এবং এই কমিটিগুলো পাঠ করে শোনানো হলে সর্বসম্মতক্রমে তা অনুমোদিত হয়। সভায় আশা প্রকাশ করা হয়, দ্রুততর সময়ে এই চারটি শাখা কমিটির সংশ্লিষ্ট সবাই মনোনয়ন ফি স্ব স্ব একাউন্টে জমা করে কেন্দ্রীয় কমিটির সভাপতি/সাধারণ সম্পাদকের নিকট রিপোর্ট করবেন।

৩) সম্মিলনের প্রস্তুতি ও অগ্রগতি নিয়ে বিস্তারিত আলোচনা হয়।

বিবিধে আর কোনো আলোচনা না-থাকায় সভাপতি কবি জামিল রায়হান সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

সাধারণ সম্পাদক
বাংলা বিভাগ অ্যালামনাই

সভাপতি
বাংলা বিভাগ অ্যালামনাই